আসছে দৈনিক এশিয়া পোস্ট, ৬২ জনের নিয়োগ বিজ্ঞপ্তি

অনলাইনের পর এবার শীঘ্রই বাজারে আসতে যাচ্ছে এশিয়া পোস্টের ছাপা পত্রিকা ‘দৈনিক এশিয়া পোস্ট’। এ জন্য পরিশ্রমী ও উদ্যমী সংবাদকর্মী খুঁজছে প্রতিষ্ঠানটি। ছাপা সংস্করণের জন্য ছয় বিভাগে ৬২ জন জনবল নিয়োগ দেবে গণমাধ্যমটি।

‎বুধবার (৪ নভেম্বর) এশিয়া পোস্টের অনলাইনে এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।
‎
‎রিপোর্টিং বিভাগ
‎
‎রিপোর্টিং বিভাগে সবচেয়ে বেশি জনবল নিয়োগ দেবে গণমাধ্যমটি। ২০ জন জনবলের বিজ্ঞপ্তিতে রয়েছে সিনিয়র রিপোর্টার ৫ জন (রাজনীতি, বাণিজ্য, অপরাধ, দুদক, এনবিআর ও সচিবালয়সহ বিভিন্ন বিটে ৭ থেকে ১০ বছরের অভিজ্ঞতা), স্টাফ রিপোর্টার ১৫ জন (অভিজ্ঞতা ৫ থেকে ৭ বছর) এবং জুনিয়র রিপোর্টার ৫ জন (অভিজ্ঞতা ১ থেকে ২ বছর)।
‎
‎সম্পাদনা বিভাগ
‎
‎সম্পাদনা বিভাগে চার ক্যাটাগরিতে ১৮ জনকে নিয়োগ দেওয়া হবে। এর মধ্যে রয়েছে কপি এডিটর ২ জন (অভিজ্ঞতা ৭ থেকে ১০ বছর), সিনিয়র সাব-এডিটর ৪ জন (অভিজ্ঞতা ৫ বছর), সাব-এডিটর ৭ জন (অভিজ্ঞতা ৩ বছর) এবং সম্পাদনা সহকারী ৫ জন (অভিজ্ঞতা ৫ থেকে ৭ বছর)।
‎
‎গ্রাফিক্স বিভাগ
‎
‎দুই ক্যাটাগরিতে গ্রাফিক্স বিভাগে ছয়জনকে নিয়োগ দেবে এশিয়া পোস্ট। এর মধ্যে রয়েছে হেড অব গ্রাফিক্স ১ জন (প্রিন্ট পত্রিকার গ্রাফিক্স বিভাগে ৫ থেকে ১০ বছরের কাজের অভিজ্ঞতা) এবং সিনিয়র গ্রাফিক্স ডিজাইনার বা গ্রাফিক্স ডিজাইনার ৫ জন (প্রিন্ট পত্রিকার গ্রাফিক্স বিভাগে ৩ থেকে ৫ বছর কাজের অভিজ্ঞতা)।
‎
‎

‎মার্কেটিং বিভাগ
‎
‎মার্কেটিং বা সেলস বিভাগে দুই ক্যাটাগরিতে ছয়জন নিয়োগ দেওয়া হবে। এর মধ্যে রয়েছে জেনারেল ম্যানেজার, মার্কেটিং (অভিজ্ঞতা কমপক্ষে ৭ থেকে ১০ বছর) এবং মার্কেটিং এক্সিকিউটিভ ৫ জন (অভিজ্ঞতা কমপক্ষে ৩ বছর)। এ ছাড়া সার্কুলেশন ম্যানেজার ১ জন (অভিজ্ঞতা কমপক্ষে ৫ থেকে ৭ বছর)।
‎
‎সার্কুলেশন বিভাগ
‎
‎পত্রিকাটির সার্কুলেশন বিভাগের জন্য ৫ থেকে ৭ বছরের অভিজ্ঞতা সম্পন্ন একজন সার্কুলেশন ম্যানেজার নিয়োগ দেওয়া হবে।
‎
‎গবেষণা বিভাগ
‎
‎গবেষণা বিভাগে ৭ থেকে ১০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন ১ জন হেড অব রিসার্চ ও ২ বছরের কাজের অভিজ্ঞতাসম্পন্ন ৫ জন রিসার্চ এক্সিকিউটিভ নিয়োগ দেওয়া হবে।
‎
‎বিজ্ঞপ্তিতে সব পদের জন্য শিক্ষাগত যোগ্যতা স্নাতক বা স্নাতকোত্তর পাস চাওয়া হয়েছে। বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা যোগ্যতা সাপেক্ষে (ওয়েজ বোর্ড প্রযোজ্য) বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।
‎
‎আগামী ১০ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে এশিয়া পোস্টের ওয়েবসাইটে নির্ধারিত আবেদন ফরম পূরণের মাধ্যমে আবেদন করতে বলা হয়েছে। সরাসরি বা ডাকযোগে কোনো আবেদন গ্রহণ করা হবে না।
‎
‎আবেদনের লিংক: https://www.asia-post.com/job-application
‎